Ex/BANGLA/PG/1.57/2024

# স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## ( প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার )

## বাংলা

## বাংলাদেশের উপন্যাস

## কোর্স ঃ পি.জি. - ১.৫৭

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৩০**

যেকোনো **তিনটি** প্রশ্নের উত্তর লেখো। প্রশ্নগুলি সমমানের।

১. একজন ব্যক্তির অপরাধবোধ এবং একটি জনগোষ্ঠীর করুণ পরিণতি–এই দুই–এর জন্য শোক যাতে চিরস্থায়ী হয় উপন্যাসের অন্তিমে 'কাঁদো নদী কাঁদো' এই আহ্বানে সেই আকাঙ্ক্ষাই ধরা আছে। এই উপন্যাস ফলত একটি শোকের আখ্যান হয়ে ওঠে শেষ পর্যন্ত। তুমি কি এই মত মেনে নেবে? যুক্তিসহ আলোচনা করো। ১০

*অথবা*

২. ওয়ালীউল্লাহের 'কাঁদো নদী কাঁদো' উপন্যাসে মহম্মদ মুস্তাফা কোন্ অপরাধে নিজেকে হত্যা করে বলে তুমি মনে করো? সংক্ষেপে আলোচনা করো। ১০

৩. 'প্রদোষে প্রাকৃতজন' উপন্যাসের ঔপন্যাসিক একটি সাক্ষাৎকারে বলেছিলেন, ''প্রদোষে প্রাকৃতজন–এ একটি পুরনো কালের ঐতিহাসিক ঘটনা আছে বটে। কিন্তু প্রদোষে প্রাকৃতজন–এ যেটা দেখা যাচ্ছে সেটা হল এই, মানুষগুলো আক্রান্ত হয়ে এক জায়গা থেকে অন্য জায়গায় যাচ্ছে।'' — 'প্রদোষে প্রাকৃতজন' উপন্যাসটি শেষ পর্যন্ত সেইসব অভিবাসী মানুষের আখ্যান – আলোচনা করো। ১০





*অথবা*

৪. 'প্রদোষে প্রাকৃতজন' উপন্যাসের মধ্যে দিয়ে বৃহৎ বঙ্গের জাতিসত্তার স্বরূপকে ঔপন্যাসিক কীভাবে আখ্যান–বাস্তবতায় তুলে ধরেছেন। যুক্তিসহ বিশ্লেষণ করো। ১০

৫. বাংলাদেশের মুক্তিযুদ্ধকেন্দ্রিক উপন্যাসের ধারায় 'রাইফেল রোটি আওরাত' শীর্ষক উপন্যাসটির গুরুত্ব বিশ্লেষণ করো। ১০

*অথবা*

৬. 'রাইফেল রোটি আওরাত' উপন্যাসটিকে তুমি কি আত্মজৈবনিক উপন্যাস হিসাবে পড়তে চাও – যুক্তিসহ তোমার মতামত দাও। ১০

৭. মঞ্জু সরকারের 'তমস' উপন্যাসে রাজনীতির অন্তঃসারশূন্য আপাত আস্ফালনের বাস্তবসম্মত চিত্র কীভাবে ফুটে উঠেছে তার পরিচয় দাও। ১০

*অথবা*

৮. মুক্তিযুদ্ধ পরবর্তী নৈরাজ্য ও হতাশার চিত্র মঞ্জু সরকারের 'তমস' উপন্যাসে কীভাবে শিল্পিত হয়ে উঠেছে সংক্ষেপে আলোচনা করো। ১০

★★★